যুগান্তর

তারিখ 4 JAN
পৃষ্ঠা ... কলাম ...

আজ সিন্ডিকেটে সিদ্ধান্ত

# অবৈধ শিক্ষক নিয়োগ বন্ধে রাবি প্রশাসনকে উকিল নোটিশ

**রাজশাহী ব্যুরো**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগে অবৈধভাবে দলীয় বিবেচনায় শিক্ষক নিয়োগের অভিযোগে প্রশাসনকে উকিল নোটিশ দিয়েছেন উচ্চ আদালত। নিয়োগ বঞ্চিত এক প্রার্থী তার আইনজীবী ব্যারিস্টার ... মাধ্যমে বৃহস্পতিবার প্রশাসনকে ওই উকিল নোটিশ দেন। শুক্রবার সন্ধ্যায় অনুষ্ঠিতব্য সিন্ডিকেটের বৈঠকে এ নিয়োগ চূড়ান্ত হওয়ার কথা রয়েছে। নোটিশে অনিয়মের প্রতিকার চেয়ে শিক্ষা মন্ত্রণালয়, রাবি ভিসি, রেজিস্ট্রার, সিন্ডিকেট সদস্য ও সংশ্লিষ্ট বিভাগের কয়েকজন শিক্ষককে বিবাদী করা হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০টার মধ্যে নিয়োগ প্রক্রিয়া স্থগিত করে নোটিশের জবাব দিতে বলা হয়েছে। অন্যথায় বিবাদীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের কথা উল্লেখ করা হয় উচ্চ আদালত থেকে প্রেরিত এই উকিল নোটিশে। তবে প্রশাসন এ রকম কোন নোটিশ পায়নি বলে জানিয়েছে। এ নিয়ে গত চার বছরে প্রশাসনের বিভিন্ন অনিয়মের ঘটনায় অন্তত ২০টি আইনি নোটিশ প্রদানের ঘটনা ঘটল। তবে এসব আইনি নোটিশের অধিকাংশকেই কোন তোয়াক্কা করেনি বর্তমান প্রশাসন। ফলিত গণিত বিভাগের শিক্ষক ও নিয়োগ বঞ্চিতরা জানান, ফলিত গণিত বিভাগের শূন্য ৪টি পদে শিক্ষক নিয়োগের জন্য ২০১৪ সালের ২ আগস্ট বিজ্ঞপ্তির মাধ্যমে প্রার্থীদের দরখাস্ত আহবান করা হয়। এতে ১০২ জন প্রার্থী আবেদন করেন। পরের বছর ১০ সেপ্টেম্বর বিভাগের প্ল্যানিং কমিটির সভায় আবেদনকারীদের মধ্যে সাত জনের মাস্টার্সের ফলাফল প্রকাশ না হওয়ায় তাদের আবেদন বাতিল করা হয়। কিন্তু চলতি বছরের ১৫ অক্টোবর রাবি ভিসি প্রফেসর এম আবদুস সোবহানের সভাপতিত্বে সিলেকশন বোর্ড অনুষ্ঠিত হয়। অভিযোগ উঠেছে, ওই সিলেকশন বোর্ডে ৬ জনকে নিয়োগের জন্য প্রাথমিকভাবে চূড়ান্ত করা হয়। এদের মধ্যে ফল প্রকাশ না হওয়ায় প্ল্যানিং কমিটি থেকেই বাতিল হওয়া ২ জন প্রার্থী রয়েছেন। আজ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটে ৪টি পদের বিপরীতে বাতিল হওয়া ওই ২ জনসহ ৬ জনের নিয়োগ চূড়ান্ত হওয়ার কথা রয়েছে। ওই অবৈধভাবে নিয়োগ প্রক্রিয়ার প্রতিকার চেয়ে সম্প্রতি নিয়োগ বঞ্চিত এক প্রার্থী উচ্চ আদালতে নিয়োগ বন্ধের আবেদন ও কারণ জানতে চেয়ে আবেদন করেন। আবেদনের পরিপ্রেক্ষিতে উচ্চ আদালত রাবি প্রশাসনকে উকিল নোটিশ দেন। বিষয়টি নিয়ে যোগাযোগ করা হলে ফলিত গণিত বিভাগের সভাপতি প্রফেসর ড. মোঃ হোসেন আলী জানান, তিনি এ বিষয়ে কিছুই জানেন না। তাছাড়া বর্তমানে তিনি রাজশাহীর বাইরে আছেন বলেও জানান। উকিল নোটিশের প্রাপ্তির বিষয়ে জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর এম এ বারী সাংবাদিকদের জানান, উকিল নোটিশটি আমরা পেয়েছি।